মেহেরপুরে নানা আয়োজন শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালন

নানা আয়োজেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন করেছে নানা আয়োজন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক

অর্পণ করেছেন।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মো: রাফিউল আলম, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, নাজমুল হুদা, আশরাফুজ্জামান ভূঁইয়া, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান।

পরে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষে তার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়। এর আগে স্থানীয়দের মধ্যে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়।

সকাল ১০ টার সময় তার জীবনি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিনটি উপলক্ষে জেলা প্রশাসন, মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনগুলো বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে।

এছাড়া বিভিন্ন ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন যথাযথ মর্যাদায় দিবসটি পালন করতে নানাবিধ কর্মসূচি পালন করছে।

শহিদ শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী মেহেরপুরে নানা আয়োজন

আজ শুক্রবার(৫ আগস্ট)সর্বকালের সর্বশ্রেষ্ঠ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী ।

১৯৪৯ সালের এই দিনে তিনি তদানীন্তন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

ক্রীড়া সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা শেখ কামাল ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে মাত্র ২৬ বছর বয়সে জাতির পিতার হত্যাকারী মানবতার ঘৃণ্য শত্রুদের নির্মম-নিষ্ঠুর বর্বরোচিত হত্যাযজ্ঞের শিকার হয়ে শাহাদাত বরণ করেন।

এ উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসন, বাংলাদেশ আওয়ামীলীগ অঙ্গ সংগঠণ, বিভিন্ন সামাজিক সংগঠণ ও সকাল সাড়ে ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন চত্ত্বরে প্রতিষ্ঠিত শেখ কামালের প্রতিকৃতিতে জেলা প্রশাসক ও বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর জেলা শাখার তরফ থেকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি শ্রদ্ধা নিবেদন ও পুষ্পস্তবক অর্পণ করেছেন।

দিনটি উপলক্ষে জেলা প্রশাসন, মেহেরপুর জেলা আওয়ামীলীগ ও তার সহযোগী সংগঠনগুলো বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে।

সকাল সাড়ে ৯ টায় মেহেরপুর জেলা প্রশাসন শহিদ শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেছে জেলা প্রশাসক, পুলিশ বিভাগ, আওয়ামী লীগ। সেখানে দোয়া মোনাজাত করা হয়। সকাল ১০ টার সময় তার

ক্রীড়াচক্রের প্রতিষ্ঠাতা ছিলেন।

শেখ কামাল দেশে নান্দনিক ফুটবল ও ক্রিকেটসহ অন্যান্য দেশীয় খেলার মানোন্নয়নে অক্লান্ত শ্রম দিয়ে অপরিসীম অবদান রেখেছিলেন। নতুন নতুন খেলোয়াড় সৃষ্টির লক্ষে প্রশিক্ষণ শিবির গড়ে তুলতেন এবং তাদের সঙ্গে নিয়মিত অনুশীলন করতেন। ১৯৭৫ সালের ১৪ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘ব্লু’ খেতাবপ্রাপ্ত দেশবরেণ্য অ্যাথলেট সুলতানা খুকুর সঙ্গে তার বিয়ে হয়।

১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদাত বরণের সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এমএ শেষ পর্বের পরীক্ষার্থী ছিলেন এবং বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগের অঙ্গ-সংগঠন জাতীয় ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুর পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের ৮ পরোয়ানাভূক্তসহ ৯ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩, সিআর মামলায় ৫ জন ও নিয়মিত মামলায় ১ জন।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলায় ৩ আসামী, মুজিবনগর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ৩ ও চুরির অভিযোগে নিয়মিত মামলায় ১ এবং সদর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ২ জন আসামী রয়েছে।

বুধবার (৩ আগষ্ট) সকাল থেকে আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টীম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক ইউনিট গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেলা হজতে প্রেরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় লোকমানের হত্যাকারীদের গ্রেপ্তার ও ফাঁসির দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ায় রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার মোঃ লোকমান হোসেনের হত্যাকারীদের গ্রেপ্তার ও ফাঁসির দাবিতে মানববন্ধন করেছে মজমপুর গেট হার্ডওয়ার দোকান মালিকরা।

বৃহস্পতিবার বেলা ১১ টায় কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমীর সামনে এই মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তারা বলেন, পূর্ব পরিকল্পিতভাবে এই হত্যাকাণ্ডটি ঘটনো হয়েছে।

তারা অভিযোগ করে বলেন, দর্পণ হার্ডওয়ারের কাছে রক্সি পেইন্ট দশ লক্ষ টাকা পেতো কিছুদিন আগে দুই লক্ষ টাকার একটা চেক প্রদান করে দর্পণ হার্ডওয়ার। তাতে টাকা না থাকলে লোকমান পুনরায় ঐ দোকানে যায় সে সময় তাকে মারধোর ও এই নির্মমতা চালানো হয় এবং তাকে হত্যা করেছে এমন অভিযোগ করেন দোকান মালিকরা।

এই হত্যাকাণ্ডের সাথে যারা যারা জড়িত এবং পরিকল্পনাকারীদেরকে আইনের আওতায় এনে ফাঁসির দাবি করেন মানববন্ধনে বক্তারা।

উল্লেখ্য, গতকাল বুধবার বেলা ১১ টায় দর্পণ হার্ডওয়ারের পিছনে লোকমান হোসেনের অর্ধ গলিত মরদেহ উদ্ধার করে ভেড়ামারা পুলিশ। তিনি ২ আগস্ট থেকে নিখোঁজ হন তার স্ত্রী টুম্পা ভেড়ামারা থানায় একটি জিডি করে ছিলেন।

নিখোঁজের একদিন পরেই তার মরা দেহ উদ্ধার করা হয়। তিনি কুষ্টিয়ায় রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার হিসেবে কর্মরতা ছিলেন। শহরের মজমপুরে থাকতেন তার গ্রামের বাড়ি খুলনা বাগেরহাট। এই ঘটনার পর থেকে দর্পণ হার্ডওয়ারের কর্মরত সকলেই আত্মগোপনে আছে।

মেহেরপুর শহরে ফেনসিডিলসহ স্বামী-স্ত্রী আটক

মেহেরপুর শহরের কাজি অফিসপাড়া এলাকায় মেহেরপুর টাউন ফাঁড়ির সদস্যরা অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ স্বামী ও স্ত্রীকে আটক করেছেন।

আটকরা হলেন, কাজি অফিসপাড়া এলাকার শাহারুল ইসলাম ওরফে মাইকেল
(৩৬) ও তার স্ত্রী রেনুকা খাতুন (৩২)।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্টা) বিকাল ৬ টার দিকে মেহেরপুর শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন, এএসআই নাজমুল হোসেন, এএসআই জালাল উদ্দীনসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন বলেন, মুদি দোকানের আড়ালে তারা ফেনসিডিলের ব্যবসা চালাচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে রেনুকার শরীর থেকে ৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

তিনি জানান, আটক মাইকেলের বিরুদ্ধে ১ টি গাঁজার মামলা ও রেনুকার বিরুদ্ধে দুটি ফেনসিডিল মামলা আদালতে চলমান। সম্প্রতি একটি মামলায় রেনুকা খাতুনের ২ বছর কারাদন্ড হয়েছে। আপিল করে জামিনে বের হয়ে সে আবারো মাদক বিক্রি শুরু করেছে।

আটকৃতদের নামে মাদ্রক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে সদর থানায় মামলা দায়েরক করার প্রস্তুতি চলছে। এছাড়া তাদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে তামাক নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন এসিল্যান্ড তানভীর হোসেন। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এবং স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সহযোগিতায় উপজেলা প্রশাসনের আয়োজিত প্রশিক্ষণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ, ওসি সাইফুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এস, এম, আবদুর রহমান, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক, সমাজসেবা কর্মকর্তা শিউলী রাণী, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা ঝন্টু, জাহিদুল ইসলাম, আবুল কালাম আজাদ, বসির উদ্দিন, প্রেস ক্লাব সভাপতি এম, সাইফুজ্জামান তাজু, সরকারি বেসরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুর সন্তান সাতক্ষীরায় এসপি পদে নিয়োগ

লাভ

বাংলাদেশ পুলিশের বিভিন্ন জেলায় কর্মরত বিসিএস (পুলিশ) ক্যাডারের পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ৪০ জনকে বদলি করা হয়েছে।

বুধবার ৩ আগষ্ট রাষ্ট্রপতির পক্ষে এসপিদের এই আদেশে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখার উপসচিব ধনঞ্জয় কুমার দাস স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বদলির আদেশ দেওয়া হয়। বদলিকৃত কর্মকর্তাদের মধ্যে এসবি’র পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান, বিপি-৭৬০৬১১৯৬৫৬ কে সাতক্ষীরার পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে।

কাজী মনিরুজ্জামান ২০০৬ সালে ২৫তম বিসিএস (পুলিশ) ক্যাডারে উর্ত্তীণ হয়ে সহকারি পুলিশ সুপার পদে যোগদান করে পুলিশের চ্যালেঞ্জিং পেশায় আত্মনিয়োগের মাধ্যমে দেশ সেবায় ব্রতি হন। কর্মজীবনে তিনি ফেনিতে আলোড়ন সৃষ্টিকারী নুসরাত জাহান রাফি হত্যাকান্ডে জড়িত প্রভাবশালী ব্যক্তিদেরকে আইনী কাঠগড়ায় দাঁড় করাতে সাহসী ভূমিকা রেখে দেশব্যাপি বিশেষ ভাবে আলোচিত হন।

ইতিপূর্বে তিনি শ্রীমঙ্গলে র্যাব-৯ এর প্রিহেনসিভ কমান্ডিং অফিসারসহ দেশের বিভিন্ন জেলাতে পুলিশ অফিসার হিসেবে সুনাম, সাহসিকতা, দক্ষতা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করে নিজ ডিপার্টমেন্টে বিশ্বস্থতা অর্জনের পাশাপাশি তিনি প্রধানমন্ত্রীর বিশেষ আস্থা অর্জনে সক্ষম হন। চৌকষ পুলিশ অফিসার হিসেবে তিনি একাধিকবার জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে অংশ গ্রহণ করে দেশের জন্য সুনাম আর খ্যাতি বয়ে আনেন। এছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষে তিনি ইংল্যান্ড, মিশর, মালয়েশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে প্রশিক্ষন কর্মসিূচতে অংশ গ্রহণ করেন।

উল্লেখ্য কাজী মনিরুজ্জামান ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু পৌরসভার ৮ নং ওয়ার্ডের বৈঠাপাড়ার সম্ভ্রান্ত কাজী পরিবারে জন্ম গ্রহন করেন। শিক্ষা জীবনের হাতে খড়ি হয় তার নিজ গৃহে। প্রাতিষ্ঠানিক ভাবে হরিণাকুণ্ডু মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গুনী প্রধান শিক্ষক মরহুম আলফাজ উদ্দীন স্যারের নিবিড় তত্বাবধানে প্রাথমিক শিক্ষা সফল ভাবে সমাপ্ত করেন। পরবর্তীতে এলাকার ঐতিহ্যবাহী হরিণাকুণ্ডুু প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয়ের সুযোগ্য প্রধান শিক্ষক মানুষ গড়ার মহান শিল্পী মোসলেম উদ্দীন স্যারের ঐকান্তিক

প্রচেষ্টায় ১৯৯২ সালে যশোর শিক্ষাবোর্ডের মানবিক বিভাগ হতে রেকর্ড পরিমান নম্বর পেয়ে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

কুস্টিয়া সরকারি কলেজ হতে ১৯৯৪ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বোর্ড স্ট্যান্ড করে তিনি এলাকাবাসির কাছে নিজ মেধার সফল স্বীকৃতি অর্জনে সক্ষম হন। উচ্চতর শিক্ষা জীবনে তিনি প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ হতে কৃতিত্বের সাথে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। পারিবারিক জীবনে তিনি কাজী মরিয়মের সাথে বিবাহ বন্ধনে আবব্ধ হন। কাজী মরিয়ম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে সুগৃহিনীর দায়িত্ব পালন করছেন। তাদের দু’সন্তানের মধ্যে প্রথম সন্তান একমাত্র পুত্র কাজী মুতাম্মীম মৌন এসএসসি পরীক্ষার্থী এবং কনিষ্ঠ সন্তান কন্যা জারা ৫ম শ্রেণিতে অধ্যয়ণ করছে।

কাজী মনিরুজ্জামান শিক্ষা বিস্তারের লক্ষে নিজ জনপদে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মেধা লালনের নিমিত্বে বৃত্তি প্রদান, কোমলমতি শিশু শিক্ষার্থীদের দেশ প্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার অভিপ্রায়ে শিশুদের পৃষ্ঠপোষকতায় অবদারন রাখার পাশপাশি এলাকার বিভিন্ন মসজিদসহ ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে আন্তরিক সহযোগিতা দিয়ে আসছেন। বন্ধু বৎসল কাজী মনিরুজ্জামান বন্ধুদের কাছে জাহিদ নামে সুপরিচিত। শত ব্যস্ততার মাঝেও তিনি বছরে একবার হলেও বন্ধু-শুভাকাঙ্ক্ষীদের নিয়ে নিজ উদ্যোগে নির্মল আনন্দের জন্য মিলন মেলার আযোজন করে বন্ধুত্বে বন্ধনকে চির অম্লান করে রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। বন্ধুরাও ছুটে এসে এসময় নিজেদের সুখ দুঃখের কথা অকৃপণ ভাবে ভাগাভাগি করেন। দুস্থ্য বন্ধুদের কল্যানে তার অকৃত্রিম সহযোগি -তা সকলে গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করে থাকে।

এছাড়া মানবিক এই পুলিশ সুপার করোনাসহ বিভিন্ন দূর্যোগকালিন সময়ে তিনি এলাকার বিপন্ন নাগরিক সমাজের পাশে প্রিয় স্বজনের মত দাঁড়িয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন। করোনা বিপন্ন কর্মহীন সময়ে তিনি মুক্তিযোদ্ধা, আলেম-ওলামা, ইমাম-মোয়াজ্জিন, কবি-সাহিত্যিক, মানবাধিকার কর্মী, ভ্যান চালক, টেইলর কর্মী, কৃষক-শ্রমিক, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ও তার অভিবাবকসহ অসুস্থ্য অসচ্ছল ব্যক্তিদের প্রতি নিরবে নিভৃতে সহমর্মিতার হাত বাড়িয়ে দিয়ে আসছেন।

সাতক্ষীরার নবনিযুক্ত পুলিশ সুপার হিসেবে কাজী মনিরুজ্জামান দুষ্টের দমন আর শিষ্টের পালনের মধ্য দিয়ে অনন্য নজীর গড়বেন বলে আমরা দৃঢ়ভাবে আশাবাদী। আমরা তার উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

কোটচাঁদপুরে শাহাদাত বার্ষিকী পালনে প্রস্তুতি সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর উপজেলা সম্মেলন কক্ষে এ সভা করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন সভায় সভাপতিত্ব করেন। এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকী,সহকারী কমিশনার(ভুমি) সিরুপমা রায়,কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, পৌর আওয়ামী লীগের সাবেক আহবায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান, এলাঙ্গীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান, পৌরসভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, সাংবাদিক নজরুল ইসলাম, সুব্রত কুমার, মঈন উদ্দিন, এস এম রায়হান উদ্দিন, আব্দুল্লা বাশার।

এ ছাড়া উপস্থিত ছিলেন বিভিন্ন স্কুল, কলেজ সহ বিভিন্ন দপ্তরে কর্মকর্তারা। সভায় শাহাদাত বার্ষিকী পালন উপলক্ষে বিভিন্ন কর্মসুচি নিয়ে আলোচনা করা হয়।

মেহেরপুর পুলিশের অভিযানে আল্লাদী খাতুন গ্রেফতার

মারামারি মামলায় আদালতের পরোয়ানাভূক্ত নারী আসামী আল্লাদী খাতুনকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। আল্লাদী খাতুন মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া শিবপুর গ্রামের রবিউল ইসলাম রবি’র স্ত্রী। তার নামে মামলা নং জিআর ১০০/২১ ইং।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার সময় মেহেরপুর সদর থানার এএসআই শাকিল সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

এএসআই শাকিল জানান, গ্রেফতার আল্লাদী খাতুনকে গ্রেফতারের পর পরই মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনা। স্বামী স্ত্রী বাঁচলেও মারা গেলো কুকুরটি

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের মদনাডাঙ্গা গ্রামে দ্রুতগামী মোটরসাইকেলের সাথে ধাক্কায় কুকুরের সংঘর্ষে রনি হোসেন ও মূর্শেদা খাতুন নামের স্বামী স্ত্রী মারাত্বক আহত হয়েছেন। রনি হোসেনের বাড়ি গাংনী পৌরসভার শিশিরপাড়া এলাকায়।

বুধবার (৩ আগষ্ট) দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে সড়ক দূর্ঘটনার এ ঘটনাটি ঘটে।

আহত রনি ও তার স্ত্রী মূর্শেদা খাতুনকে আহতাবস্থায় স্থানীয়রা

উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে। তবে দুর্ঘটনায় মোটরসাইকেলের দুই আরোহীর জীবন বাঁচলেও ঘটনাস্থলেই মারা যায় কুকুরটি।

আহত রনি জানান, মেহেরপুর থেকে গাংনীর দিকে যাওয়ার সময় মদনাডাঙ্গা নামক স্থানে একটি কুকুর দৌড়ে এসে মোটরসাইকেলের চাকার নিচে পড়ে। এতে আমরা দুজনেই রাস্তার উপর ছিটকে পড়ে মারাত্বক আহত হই।